

মাননীয় অর্থমন্ত্রীর সাথে বিএফআইইউ এর মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বিষয়ক সভা অনুষ্ঠিত

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশের কার্যক্রম বিষয়ক একটি সভা মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি এর সভাপতিত্বে অদ্য ০৩ জুলাই ২০২৪ তারিখে সকাল ১০:৩০ টায় অর্থ মন্ত্রণালয়ে বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় অর্থ প্রতিমন্ত্রী জনাব ওয়াসিকা আয়শা খান, অর্থ বিভাগের সচিব জনাব ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ, বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা জনাব মোঃ মাসুদ বিশ্বাস, মন্ত্রণালয় ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বিএফআইইউ এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



সভায় বাংলাদেশে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বাংলাদেশের অগ্রযাত্রা বিষয়ক একটি উপস্থাপনা প্রদান করা হয়। বিএফআইইউ এর প্রধান কর্মকর্তা সাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিষয়াবলি যেমন: মানিলভারিং এর সম্পৃক্ত অপরাধ হিসেবে সাইবার ট্রাইবুনালে বিচার্য অপরাধসমূহ ও পর্নোগ্রাফি-কে অন্তর্ভুক্তকরণ, মানিলভারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে জাতীয় কৌশলপত্র প্রণয়ন, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়নে দেশের ঝুঁকি নিরূপণ, Mutual Legal Assistance (MLA) Treaty/Agreement ইত্যাদি বিষয়ে বিএফআইইউ সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি অবহিত করেন। এছাড়া রেমিট্যান্স বৃদ্ধি ও বৈদেশিক মুদার স্থিতিশীলতা রক্ষার্থে বিএফআইইউ কর্তৃক অবৈধ ছুন্ডি, গেমিং, বেটিং, ট্রেড মিস ইনভয়েসিং, মানি চেঞ্জার ও এক্সচেঞ্জ হাউসগুলোর জন্য গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরা হয়। মাননীয় অর্থমন্ত্রী ও প্রতিমন্ত্রী বিএফআইইউ কর্তৃক গৃহীত কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে অবাস্তবায়িত ও চলমান জটিল বিষয়গুলো দ্রুত বাস্তবায়নে সকলের উদ্যোগ গ্রহণের আহবান জানান।